# স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## ( প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার )

## বাংলা

## কোর্স ঃ পি.জি. - ১.৫৬ এ

## আধুনিক বাংলা উপন্যাস

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৩০**

যেকোনো **তিনটি** প্রশ্নের উত্তর লেখো। প্রশ্নগুলি সমমানের।

১. 'স্বরলিপি' উপন্যাস আরম্ভ হয়েছে ময়দানে এক জনসভার বিবরণে। উপন্যাসের আখ্যান নির্মাণে এই জনসভার কোনো বিশেষ গুরুত্ব আছে বলে তোমার মনে হয় কি? যুক্তিসহ তোমার বক্তব্য লেখো।

*অথবা*

২. 'স্বরলিপি' উপন্যাসে দেবজ্যোতির মৃত্যুর জন্য শীতার যেমন নিজেকে দায়ী বলে মনে হয় তেমনি মনে হয় পৃথ্বীর প্রতিও অবিচার করেছে সে। শীতার এই আত্মসংকটের স্বরূপটি ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।

৩. ''একটি মাত্র চোখ, হেমলকে প্রতিবিম্বিত চক্ষুসদৃশ, তাঁহার দিকেই, মিলন অভিলাষিণী নববধূর দিকে চাহিয়াছিল, যে চক্ষু কাঠের, কারণ নৌকাগাত্রে অঙ্কিত, তাহা সিন্দূর অঙ্কিত এবং ক্রমাগত জলোচ্ছ্বাসে তাহা সিক্ত, অশ্রুপাতক্ষম, ফলে কোথায় এখনও মায়া রহিয়া গেল।'' — 'মায়া' শব্দটি এই উপন্যাসে পুনরাবৃত্ত। এই পুনরাবৃত্তি উপন্যাসে কোন তাৎপর্য বহন করে? আলোচনা করো।





*অথবা*

৪. ''আমি মারলে ঠেঙ্গা ফিরলে লাঠি নই, উঁচু নই, চাঁড়াল গো, চাঁড়াল . . . পুঁথিপাঠ নাই, তোমার চিতা করব না হেঁকে বললুম . . . আমি ঠাকরুণ ইন্দ্রত্ব আশা করি না, বৈকুণ্ঠবাস চাই না, নয় হে দুঃখ হয়েছিল . . . দেহ বড় ভালবাসি মড়াকে যত্ন করি . . .'' — এই আত্মপরিচয় কি কথক চরিত্রকে সার্বিকভাবে ধরতে পারে? তোমার মতামত জানাও।

৫. ''উপহাসের মত শোনাচ্ছে, অ্যান্ড হেন্স দি কেস ইজ ক্লোজ্ড।'' — 'খারিজ' উপন্যাসের একেবারে শেষে করোনারের কোর্টে পালানের মামলা খারিজ হয়ে যাওয়ার পর জয়দীপের এরকম মনে হওয়ার কারণ ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।

*অথবা*

৬. গ্রন্থাকারে প্রকাশিত 'খারিজ' উপন্যাসের উৎসর্গ পত্রে লেখা ছিল ''পালান/ তোরা যেদিন পড়তে শিখবি/সেদিনের আশায়''। এ কি নিছকই প্রথানুসরণ নাকি এখানেই নিহিত উপন্যাস কথকের প্রকৃত অভিপ্রায়? যুক্তিসহ এ বিষয়ে তোমার মত জানাও।

৭. 'ব্যাস' উপন্যাসে নিয়তির ভূমিকা অত্যন্ত স্পষ্ট। 'নিয়তি' কীভাবে উপন্যাসের কাহিনিকে প্রভাবিত করেছে, আলোচনা করো।

*অথবা*

৮. 'ব্যাস' উপন্যাসের কাহিনি ও চরিত্র প্রভাবিত হয়েছে আধুনিক মনন ও সামাজিক ইতিহাসের দ্বারা। বিষয়টি উপন্যাস বিশ্লেষণ করে স্পষ্ট করো।

★★★